# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

## মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-১৭/২০১৬/১৫০৮২ তারিখ: ০৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ২১ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

চান্দগ্রাম আনোয়ারুল উলুম ফাজিল মাদরাসা, ডাকঘর: চান্দগ্রাম বাজার, উপজেলা: বড়লেখা, জেলা: মৌলভীবাজার-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১২-০৫-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৮ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. অতি দ্রুততম সময়ের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর নির্মাণ করত: প্রতিষ্ঠানের অবকাঠামোর উন্নয়নসহ একাডেমিক কার্যক্রমকে আরও ত্বরান্বিত করতে হবে;

২. জরুরিভিত্তিতে মাদরাসার গ্রন্থাগারটি সম্প্রসারণসহ গ্রন্থাগারটিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করে নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;

৩. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করার পাশাপাশি পূর্বে প্রদানকৃত শর্তসমূহ পূরণ করতে হবে;

৪. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;

৫. শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত ফাইল সংরক্ষণ করত: অধ্যক্ষ ও উপাধ্যক্ষের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখার পাশাপাশি শিক্ষার মানোন্নয়ন ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের সাথে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;

৬. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৭. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্ট্রার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৮. একক স্বাক্ষরে কোনো কেনাকাটা করা যাবে না। আর্থিক সকল কার্যক্রম ব্যাংকের মাধ্যমে করত: ক্যাশ-কলামনার বই, বিল ভাউচারগুলো যথাযথভাবে পূরণ ও সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয় ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং জেনারেল ফান্ড ও রিজার্ভ ফান্ডে অর্থের পরিমাণ বৃদ্ধি করতে হবে;

৯. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও সিসি টিভি, ডিজিটাল হাজিরার ব্যবস্থা করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;

১০. প্রত্যেক শ্রেণিতে সুনির্দিষ্ট ক্লাস রুটিনের ব্যবস্থাগ্রহণ ও ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়ানোর পাশাপাশি ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, ইউনিফর্ম-আইডিকার্ডসহ ক্লাসে তাদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং সকল ক্লাসের সন্তোষজনক ফলাফল করতে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে;

১১. মাদরাসার চারপাশে বৃক্ষরোপন করত: ক্যাম্পাসকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি ক্লাসরুমগুলোতে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থাগ্রহণসহ পুরনো কক্ষ-দরজা-জানালাগুলো ডেকোরেশন ও প্রয়োজন অনুযায়ী মেরামত করতে হবে;

১২. শ্রেণিকক্ষে পর্দার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের পৃথকীকরণের পাশাপাশি শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের সংখ্যা অনুসারে চেয়ার, টেবিল, বেঞ্চ, আলমারি ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহের ব্যবস্থা করতে হবে এবং মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা ওয়াশরুম, রুমনরুম ও নামাজের ব্যবস্থাসহ সকল শ্রেণিকক্ষে ফ্যানের ব্যবস্থা করতে হবে;

১৩. অতি দ্রুততম সময়ের মধ্যে মাদরাসার অখন্ড জমির সনদ প্রদান করত: প্রত্যেক শ্রেণিকক্ষের দরজায় ক্লাসের নাম বাংলা ও আরবি লেখা সম্বলিত নেমপ্লেট স্থাপন করতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড, প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি উল্লেখ করার পাশাপাশি অধ্যক্ষ মহোদয়ের কক্ষে অনার বোর্ডে প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যের তালিকা হালনাগাদসহ স্পষ্ট থাকতে হবে;

১৪. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পূনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(স্বাক্ষরিত) ২১/৮/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

চান্দগ্রাম আনোয়ারুল উলুম ফাজিল মাদরাসা
ডাকঘর: চান্দগ্রাম বাজার, উপজেলা: বড়লেখা, জেলা: মৌলভীবাজার।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-১৭/২০১৬/১৫০৮২ তারিখ: ০৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ২১ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, চান্দগ্রাম আনোয়ারুল উলুম ফাজিল মাদরাসা, ডাকঘর: চান্দগ্রাম বাজার, উপজেলা: বড়লেখা, জেলা: মৌলভীবাজার।
৭. অফিস নথি।

(স্বাক্ষরিত) ২১.০৮.২০২৫

(সোমা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৬৭৯ ৮৬৮৬৬৩